গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মানিকগঞ্জ
(রাজস্ব শাখা)
www.manikganj.gov.bd

স্মারক নম্বর: ০৫.৩০.৫৬০০.৩০২.৩০.০০৪.২৩-২৫৬

তারিখ : ০৭ চৈত্র ১৪৩০
২১ মার্চ ২০২৪

## জাফরগঞ্জ আমদানি-রপ্তানি ঘাটের ইজারা বিজ্ঞপ্তি

জেলা প্রশাসন, মানিকগঞ্জ এর ব্যবস্থাপনাধীন শিবালয় উপজেলার জাফরগঞ্জ আমদানি-রপ্তানি ঘাট ১৪৩১ বঙ্গাব্দের ৩০ চৈত্র পর্যন্ত সময়ে ইজারা প্রদানের নিমিত্ত নিম্নলিখিত শর্ত ও সময়সূচি অনুযায়ী নির্ধারিত ফরমে সকল আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান/সংগঠনের নিকট থেকে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

## ইজারা কার্য পরিচালনার তফসিল (শিডিউল)

১৪৩১ বঙ্গাব্দের ৩০ চৈত্র পর্যন্ত

ইজারা মূল্য : ১,৬২,৫১৪/- (এক লক্ষ বাষট্টি হাজার পাঁচশত চৌদ্দ টাকা মাত্র)

| দফা | দরপত্র ফরম বিক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় | দরপত্র দাখিলের স্থান |
|---|---|---|---|---|
| ১ম | ০৪/০৪/২০২৪ বেলা ০৩:০০ টা | ০৯/০৪/২০২৪ বেলা ০৩:০০ টা | ১৬/০৪/২০২৪ বেলা ১১:০০ টা | রাজস্ব শাখা<br>জেলা প্রশাসকের কার্যালয়, মানিকগঞ্জ;<br>উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শিবালয়/দৌলতপুর;<br>সহকারী কমিশনার (ভূমি), শিবালয়/দৌলতপুর এর কার্যালয় । |
| ২য় | ১৮/০৪/২০২৪ বেলা ০৩:০০ টা | ২২/০৪/২০২৪ বেলা ০৩:০০ টা | ২৩/০৪/২০২৪ বেলা ১১:০০ টা | |
| ৩য় | ২৫/০৪/২০২৪ বেলা ০৪:০০ টা | ২৮/০৪/২০২৪ বেলা ০৪:০০ টা | ২৯/০৪/২০২৪ বেলা ১১:০০ টা | |

## নিয়মাবলি :

(১) দরপত্র ফরম নিম্নবর্ণিত ছকে উল্লিখিত সময়সূচি অনুযায়ী ১,০০০/- (এক হাজার) টাকা (অফেরতযোগ্য) নগদ মূল্যে জেলা প্রশাসকের কার্যালয়, মানিকগঞ্জ এর রাজস্ব শাখা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শিবালয় ও দৌলতপুর এবং সহকারী কমিশনার (ভূমি), শিবালয় ও দৌলতপুর এর কার্যালয় হতে সংগ্রহ করা যাবে ।

(২) দরপত্র দাতাকে অবশ্যই পেশাদার পাটনী হতে হবে।

(৩) দরপত্র দাতা দরপত্র ফরম, শর্তাবলি ও নিয়মাবলির প্রতি পাতায় নির্ধারিত স্থানে তারিখসহ স্বাক্ষর করে দরপত্র দাখিল করবেন। অন্যথায়, দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে ।

(৪) দরপত্র দাখিলের সময় উদ্ধৃত দরের ২৫% (শতকরা পঁচিশ) টাকা যে কোন তফসিলি ব্যাংকে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে জামানত স্বরূপ (ফেরতযোগ্য) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), মানিকগঞ্জ এর অনুকূলে দরপত্রের সাথে অবশ্যই সংযোজন করতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে।

(৫) দরপত্র কমিটি কর্তৃক সর্বোচ্চ দর অনুমোদিত হওয়ার পর সঠিক দরদাতাকে ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে পরিশোধযোগ্য সমুদয় টাকা সরকারি খাতে জমা প্রদান করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে সম্পূর্ণ টাকা পরিশোধে ব্যর্থ হলে জামানত স্বরূপ রক্ষিত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর সম্পূর্ণ টাকা বাজেয়াপ্তপূর্বক দরপত্র বাতিল করে পুনঃ দরপত্রের ব্যবস্থা করা হবে।

(৬) গৃহীত দরের উপর পৃথক ১০% আয়কর ও ১৫% ভ্যাট পরিশোধ করতে হবে। এছাড়া সরকার কর্তৃক বিভিন্ন সময় আইন ও বিধি দ্বারা নির্ধারিত সকল প্রকারের কর প্রযোজ্য হবে।

(৭) প্রথম দফায় সন্তোষজনক দর পাওয়া না গেলে/দরপত্র দাখিল না হলে পরবর্তী দফায় দরপত্র গ্রহণ করা হবে।

(৮) চূড়ান্ত দরপত্র গৃহীত না হওয়া পর্যন্ত অনুরূপভাবে পর্যায়ক্রমে দফাওয়ারি দরপত্র গ্রহণ করা হবে। এ জন্য আলাদা কোন দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে না। তবে দফাওয়ারি দরপত্র গ্রহণের জন্য প্রযোজ্য ফেরিঘাটের তালিকা এ অফিসের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে।

(৯) সরকারি ছুটির দিন এবং দরপত্র দাখিলের দিনে কোন দরপত্র ফরম বিক্রয় করা হবে না।

(১০) ইজারা সংক্রান্ত যাবতীয় তথ্য জেলা প্রশাসকের কার্যালয়ের রাজস্ব শাখা থেকে জানা যাবে।

(১১) অতিরিক্ত শর্তাবলি দরপত্রের অংশ হিসাবে গণ্য হবে।

## ফেরিঘাট ইজারার অতিরিক্ত শর্তাবলি

(১) দরপত্র দাখিলের পূর্বে সংশ্লিষ্ট ফেরিঘাটের সরেজমিন অবস্থা দেখে নিতে হবে।

(২) ধার্য তারিখ ও সময়ে উল্লিখিত কার্যালয়সমূহে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র দাখিল করা যাবে। ঐদিনই বিকাল ৩.০০ টায় জেলা প্রশাসকের কার্যালয়ে দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে।

(৩) দরপত্র অনুমোদনকারী কর্তৃপক্ষ কর্তৃক কোন কারনে গৃহীত দর অনুমোদিত না হলে ইজারা বাতিল করা যাবে এবং ইজারাদার কর্তৃক জমাকৃত অর্থ হতে ভোগদখলকালীন সময়ের আনুপাতিক হারে কর্তন করে অবশিষ্ট অর্থ সুদ ছাড়া ফেরত দেয়া হবে।

(৪) দরপত্র অনুমোদনকারী কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন হওয়ার পর নির্ধারিত ফরমে ইজারাদার নিজ দায়িত্বে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে লিজ-চুক্তি সম্পাদন করবেন। লিজ চুক্তি সম্পাদনে ব্যর্থতার কারণে উদ্ভূত জটিলতার জন্য লিজ বাতিল হলে ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

(৫) দরপত্র দাখিলের পূর্বে টোল রেইট পর্যবেক্ষণ করা যাবে।

(৬) ইজারাদার সরকারের নির্ধারিত হারে টোল আদায় করতে বাধ্য থাকবে। এক্ষেত্রে উপজেলা পরিষদ/পৌরসভা কর্তৃক (প্রযোজ্য ক্ষেত্রে) অন্যান্য ফেরিঘাটের জন্য নির্ধারিত হারের টোল প্রযোজ্য হবে। প্রতিটি ফেরিঘাটের উভয় পাড়ে মানুষসহ বিভিন্ন যানবাহন/মালামাল পারাপারের টোল আদায়ের হার ইজারাদার কর্তৃক প্রকাশ্যে টাঙ্গিয়ে রাখতে হবে।

(৭) ইজারা গ্রহণের পর ইজারা গ্রহীতা ঐ ফেরিঘাট অন্যত্র সাব-লিজ দিতে পারবে না। এরূপ পরিলক্ষিত হলে তৎক্ষণাৎ ইজারা বাতিল করা হবে।

(৮) ফেরিঘাটে যাত্রীদের চলাচলের জন্য উপযুক্ত নৌ-যান সরবরাহ ও উঠানামার জন্য ঘাট ইজারাদার নিজ খরচে নির্মাণ ও রক্ষণাবেক্ষণ করবেন।

(৯) টেন্ডার পত্রে উদ্ধৃত দর স্পষ্ট অক্ষরে অংকে ও কথায় লিখতে হবে। অন্যথায় টেন্ডার বাতিল বলে গণ্য হবে।

(১০) সর্বোচ্চ দর গ্রহণে কর্তৃপক্ষ বাধ্য নন।

(১১) শর্তযুক্ত টেন্ডার বাতিল বলে গণ্য হবে।

(১২) ইজারাদার ঘাটের সীমানা চর পয়লা-ধুসর মৌজার ঘোষ বাড়ির খাল হতে দক্ষিণে সমেজঘর মৌজার দাগ নং- ১৭ ও ১৯ এর দক্ষিণ সীমানা পর্যন্ত চিহ্নিত। অন্যদিকে এর উপজেলার আইল্যান্ড ভূমি-সূচি তেওতা ইউনিয়নের সমেতঘর হতে দক্ষিণে ধুতরাবাড়ি মৌজা পর্যন্ত বহাল রাখবে।

(১৩) মহালের অন্তর্গত কোন জায়গা টোল আদায় ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে ব্যবহার করতে পারবে না বা টোল আদায়ের উদ্দেশ্যে মহালের অন্তর্গত কোন জায়গায় কোন ঘর উত্তোলন করতে পারবে না।

(১৪) ইজারাদার ঘাটের পরিষ্কার-পরিচ্ছন্নতা বজায় রাখার সকল প্রকার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(১৫) উল্লিখিত শর্ত ভঙ্গের জন্য ইজারাদার দায়ী থাকবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে ।

(১৬) কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন/সকল টেন্ডার গ্রহণ/বাতিল করার সর্বময় ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন ।

২১/০৩/২০২৪

(মোঃ মহসীন মৃধা)
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)
ও
আহবায়ক
জাফরগঞ্জ আমদানি-রপ্তানি ঘাটের ইজারা কমিটি
মানিকগঞ্জ।
ফোন : ০২-৯৯৬১০৫৪২
ই-মেইল : adcrmanikganj@mopa.gov.bd

G:\jolmohal\jaforgonj ghat\jaforgonj ghat.rtf 4

স্মারক নম্বর- ০৫.৩০.৫৬০০.৩০২.৩০.০০৪.২৩- ২৫৮/১(২৫)

তারিখ : ০৭ চৈত্র ১৪৩০
২১ মার্চ ২০২৪

অনুলিপি : সদয় অবগতি ও প্রচারের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

০১। পুলিশ সুপার, মানিকগঞ্জ;
০২। সিভিল সার্জন, মানিকগঞ্জ;
০৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মানিকগঞ্জ;
০৪। মেয়র, মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ;
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবালয়/দৌলতপুর, মানিকগঞ্জ;
০৬। উপজেলা নির্বাহী অফিসার, শিবালয়/দৌলতপুর, মানিকগঞ্জ;
০৭। সহকারী কমিশনার (ভূমি), শিবালয়/দৌলতপুর, মানিকগঞ্জ;
০৮। জেলা তথ্য অফিসার, মানিকগঞ্জ;
০৯। সহকারী কমিশনার (আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, মানিকগঞ্জ (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
১০। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, তেওতা ইউনিয়ন ভূমি অফিস, শিবালয়, মানিকগঞ্জ (তাকে অত্র বিজ্ঞপ্তিটি তার ইউনিয়নের সকল হাট-বাজারে ঢোল সহরতপূর্বক প্রচার করত: প্রতিবেদন দরপত্র দাখিলের জন্য ধার্য তারিখের পূর্বে এ কার্যালয়ে দাখিলের জন্য বলা বলো)।
১১। জনাব ..............................................................................
..............................................................................
১২। অত্র অফিসের নোটিশ বোর্ড;
১৩। অফিস কপি।

২১.০৩.২০২৪
(মামুনুর রশীদ)
রেভিনিউ ডেপুটি কালেক্টর
ও
সদস্য-সচিব
জাফরগঞ্জ আমদানি-রপ্তানি ঘাটের ইজারা কমিটি
মানিকগঞ্জ
ফোন : ০২-৯৯৬৬১০২৪৩
ই-মেইল: rdcmanikganj@gmail.com